

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফেঞ্চুগঞ্জ, সিলেটে দুর্নীতি ও সুশাসন বিষয়ক  
মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ অহিদা ইয়াসমিন  
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিস কক্ষ, ফেঞ্চুগঞ্জ ।  
সভারতারিখ ও সময় : ১৫ সেপ্টেম্বর, ২০২২, সকাল ১১.০০ ঘটিকা ।  
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:


ক্রমিকনং	নাম ও পদবী
০১	মোঃ ফারুক আহমদ, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা(সম্প্রসারণ)
০২	মোহাম্মদ দিদারুল ইসলাম, ভিএফএ
০৩	রীতা সরকার,ভিএফএ
০৪	মোহাম্মদ মামুনুর রশিদ, এফ.এ(এ/আই)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিম লিডার জনাব মোঃ ফারুক আহমদ, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা(সম্প্রসারণ) দুর্নীতি ও সুশাসন বিষয়ক বিভিন্ন তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

সভাপতি দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় অধিকতর সচেতন হওয়া, অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করারজন্য অনুরোধ করেন।  
অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:-

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় করণীয়	দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার এবং টিকাবীজ ও সেবার মূল্য স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০২	অভিযোগ/পরামর্শ বক্স স্থাপন	দপ্তরিক বিভিন্ন কার্যক্রম বা সেবাসংক্রান্ত যে কোন অভিযোগ, পরামর্শ প্রদানের জন্য দৃশ্যমান স্থানে অভিযোগ/পরামর্শ বক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৩	অভিযোগ/ পরামর্শ পর্যালোচনা ও প্রতিকার	আনীত অভিযোগ/ পরামর্শ পর্যালোচনা করে যৌক্তিক বাস্তবায়ন নিশ্চিত করা এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৫/০৯/২০২২  
ডাঃ অহিদা ইয়াসমিন  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
ফেঞ্চুগঞ্জ, সিলেট।